# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৬১২ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬১৩]

পর্ব-৬: সালাতের সময়সীমা (كتاب المواقيت)

পরিচ্ছেদঃ ৫১: যথাসময়ে সালাত আদায় করার মর্যাদা

فضل الصلاة لمواقيتها

আরবী

أَخْبَرَنَا يَحْيَى بْنُ حَكِيمٍ، وَعَمْرُو بْنُ يَزِيدَ، قَالاَ: حَدَّثَنَا ابْنُ أَبِي عَدِيٍّ، عَنْ شُعْبَةَ، عَنْ إِبْرَاهِيمَ بْنِ مُحَمَّدِ بْنِ الْمُنْتَشِرِ، عَنْ أَبِيهِ، أَنَّهُ كَانَ فِي مَسْجِدِ عَمْرِو بْنِ شُرَحْبِيلَ، فَأُقِيمَتِ الصَّلاَةُ فَجَعَلُوا يَنْتَظِرُونَهُ، فَقَالَ: إِنِّي كُنْتُ أُوتِرُ، قَالَ: وَسُئِلَ عَبْدُ اللَّهِ: هَلْ بَعْدَ الأَذَانِ وِتْرٌ ؟ قَالَ: نَعَمْ، وَبَعْدَ الإِقَامَةِ، وَحَدَّثَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، أَنَّهُ نَامَ عَنِ الصَّلاَةِ حَتَّى طَلَعَتِ الشَّمْسُ ثُمَّ صَلَّى . وَاللَّفْظُ لِيَحْيَى.

تخريج دارالدعوه: تفرد به النسائي، (تحفة الأشراف: ٩٤٨١)، وأعاده برقم: ١٦٨٦ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 613 - صحيح الإسناد إن كان محمد بن المنتشر سمع ابن مسعود وقصة النوم صحيحة

বাংলা

৬১২. ইয়াহইয়া ইবনু হাকীম ও 'আমর ইবনু ইয়াযীদ (রহ.) ..... মুহাম্মাদ ইবনু মুনতাশির (রহ.) হতে বর্ণিত যে, তিনি একদিন 'আমর ইবনু শুরাহ্বীল (রাঃ)-এর মসজিদে উপস্থিত ছিলেন। এমন সময় ইকামত দেয়া হলো। সালাত আদায়কারীরা তার অপেক্ষা করতে লাগলেন। পরে তিনি বললেন, আমি বিতরের সালাত আদায় করছিলাম। রাবী বলেন, তখন 'আবদুল্লাহ (রাঃ)-এর কাছে ফাতাওয়া জিজ্ঞেস করা হল যে, আযানের পরে কি বিতর আদায় করা যায়? তিনি বললেন, হ্যা, শুধু আযান কেন ইক্বামাতের পরেও। এ ব্যাপারে তিনি নবী (সা.) হতে হাদীসও বর্ণনা করলেন যে, একবার তিনি (সা.) ফজরের সালাতের সময় ঘুমন্ত অবস্থায় ছিলেন। এমতাবস্থায় সূর্য উদিত হলো। তারপর ঘুম হতে জেগে ফজর সালাত আদায় করলেন।

## English

51. The Virtue Of Prayer During Its Time

It was narrated from Ibrahim bin Muhammad bin Al-Muntashir that his father was in the Masjid of 'Amr bin Shurahbil and the Iqamah for prayer was said, so they were waiting for him. He said: I was praying Witr, and 'Abdullah was asked: 'Is there any Witr after the Adhan?' He said: Yes, and after the Iqamah, and he narrated that the Prophet (ﷺ) slept and missed the prayer until the sun rose then prayed.' And the wording is that of Yahya.

### ফুটনোট

সহীহ: নাসায়ী’র “সুনানুল কুবরা” ১৫৮১; সহীহ আবূ দাউদ ৪৭৩, ইরওয়াউল গালীল ১/২৯৩, বুখারী ৭৪৭১, মুসলিম ৬৮০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ মুহাম্মাদ ইবনু মুনতাশির (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86885

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন